



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-৩৯

১২ আগস্ট, ১৪২৮

তারিখ :
২৭ সেপ্টেম্বর, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে বিশেষ তহবিল গঠন এবং বিনিয়োগের নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার নং-০১ এবং ২৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারসময়ের মাধ্যমে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক পুঁজিবাজারে বিনিয়োগের উদ্দেশ্যে ২০০ কোটি টাকার বিশেষ তহবিল গঠন এবং উক্ত তহবিল হতে বিনিয়োগের বিষয়ে অনুসরণীয় নীতিমালা প্রদান করা হয়েছে।

২। পুঁজিবাজারে বিনিয়োগযোগ্য উপাদান বৃদ্ধির মাধ্যমে বিনিয়োগে বৈচিত্র্য আনয়নের উদ্দেশ্যে তথা বুঁকি হ্রাসকল্পে ডিওএস সার্কুলার নং-০১/২০২০-এ বর্ণিত নির্দেশনার অতিরিক্ত কতিপয় বিষয় সংযোজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এক্ষণে, উক্ত সার্কুলার লেটারের ২(ক) ক্রমিকের নির্দেশনার অব্যবহিত পরে নিম্নোক্ত নির্দেশনা সংযোজিত হবেঃ-

(কক) বর্ণিত ২০০ কোটি টাকার তহবিলের সম্পূর্ণ অংশ (লভ্যতা অনুসারে) ন্যূনতম ৭০% সৌর বিদ্যুৎ, বায়ুশক্তি চালিত বিদ্যুৎ, জল বিদ্যুৎ, বায়োমাস ইত্যাদি নবায়নযোগ্য শক্তি প্রকল্পে বিনিয়োগের উদ্দেশ্যে বেসরকারি উদ্যোগ্তা কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্ত বা Subscription Closing-এর তারিখ হতে ০১ (এক) বছরের মধ্যে তালিকাভুক্ত হবে এবং ১০০% Asset backed গ্রীন সুকুক-এ বিনিয়োগ করা যাবে। বেসরকারি উদ্যোগ্তা কর্তৃক ইস্যুকৃত সুকুক-এ বিনিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবেঃ-

অ) বিনিয়োগযোগ্য সুকুক-এর প্রকৃতিঃ-

- i. Istisna Sukuk;
- ii. Salam Sukuk;
- iii. Ijarah Sukuk;
- iv. উপর্যুক্ত একাধিক প্রকৃতির সুকুকের সমষ্টিয়ে গঠিত কোন হাইব্রিড সুকুক।

আ) সুকুকের তহবিল ব্যবহারের ক্ষেত্রেঃ-

- i. পণ্য আমদানির ক্ষেত্রে ১০০% মার্জিনে ঝণপত্র খুলতে হবে;
- ii. পণ্য ১২০ দিনের মধ্যে জাহাজীকরণ/সরবরাহ করার শর্ত থাকতে হবে;
- iii. সমস্ত স্থানীয় ব্যয়, যদি থাকে, ৬ মাসের মধ্যে পরিশোধ করতে হবে;
- iv. প্রকল্প উন্নয়নে সর্বোচ্চ ৮ মাস সময় বরাদ্দ থাকতে পারে।

সুকুক Subscription Closing-এর তারিখ হতে উপর্যুক্ত সময়সীমা কার্যকর হবে।

ই) অন্যান্য শর্তঃ-

- i. সুকুক-এর তহবিল Special Purpose Vehicle (SPV)-এর নামে খোলা ব্যাংক হিসাবে সংরক্ষণ করতে হবে। উক্ত ব্যাংক হিসাব হতে সুকুক-এর জন্য নির্ধারিত সুনির্দিষ্ট ব্যয় ব্যতীত অন্য কোন খাতে খরচ/কর্জ প্রদান করা যাবে না;
- ii. Private Placement-এর ক্ষেত্রে কোন কারণে BSEC কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সুকুক-এর Subscription সম্পূর্ণ না হলে বা সুকুক ইস্যুর বিষয়টি বাতিল হলে সংশ্লিষ্ট SPV কর্তৃক ১ (এক) সপ্তাহের মধ্যে বিনিয়োগকারী ব্যাংকসমূহকে সমুদয় অর্থ ফেরত প্রদান করতে হবে। এ বিষয়ে সুকুক-এর Trustee, SPV এবং বিনিয়োগকারী ব্যাংকসমূহের মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন করতে হবে;
- iii. সেকেন্ডারী মার্কেট বা Private Placement-এর মাধ্যমে বা উভয় প্রকারে কোন সুকুক-এর মোট ইস্যুর ১০% এর বেশি পরিমাণ কোন ব্যাংক বিনিয়োগ করতে পারবে না;
- iv. Convertible সুকুক-এর ক্ষেত্রে Conversion-এর পর ইকুয়িটি ধারণ যাতে ১০% এর বেশি না হয়, তা বিনিয়োগকারী ব্যাংককেই নিশ্চিত করতে হবে;
- v. অতলিকাভুক্ত সুকুক-এ বিনিয়োগের পূর্বে Subscription Closing-এর তারিখ হতে ০১ (এক) বছরের মধ্যে তালিকাভুক্তির বিষয়ে Trustee, SPV, ইস্যুয়ার এবং বিনিয়োগকারী ব্যাংকের মধ্যে সমর্থোত্তা স্মারক স্বাক্ষরিত হতে হবে।

৩। ডিওএস সার্কুলার নং-০১/২০২০ এ বর্ণিত বিনিয়োগের অনুপাত অনুসারে সুকুক ব্যতীত সার্কুলারে বর্ণিত অন্য যে কোন উপাদানে বিনিয়োগের সর্বোচ্চ পরিমাণ ২০০ কোটি টাকার তহবিলের ভিত্তিতে নির্ধারিত হবে। উক্ত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩